

ISO 9001, ISO 14001 &  
OHSAS 18001 Certified

সভাপতি  
কুড়িগ্রাম - লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

## সূচীপত্র

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র।

উপক্রমণিকা

সেকশন-১ : কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vision),  
অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি।

সেকশন-২ : আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং  
লক্ষ্যমাত্রা সমূহ।

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র  
(Overview of the Performance of KRI, PBS)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

সাম্প্রতিক বছর সমূহের (০৩ বছর) অর্জন সমূহ :

কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস ১৬টি ছোট বড় নদী দ্বারা বিচ্ছিন্ন দুটি জেলার (কুড়িগ্রাম ও লালমনিরহাট) মোট ১১টি উপজেলা নিয়ে গঠিত। যার ভৌগোলিক আয়তন ২৩৭৬ বর্গকিলোমিঃ। অন্তর্ভুক্ত ৮৮টি ইউনিয়নে গ্রামের সংখ্যা ১৯৭৯টি। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে-ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে কুড়ি-লাল পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবন যাত্রার মনোনিবেশের লক্ষ্যে মে' ২০১৭খ্রিঃ পর্যন্ত ৫০৬০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করে ২,১৭,৮৭৫জন নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ০৯টি উপকেন্দ্রের (৭০এমভিএ) এর মাধ্যমে বিদ্যুৎ সুবিধা ভোগী গ্রাহকদের নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ অক্ষুন্ন রাখার চেষ্টা অব্যাহত রয়েছে। বর্তমান অর্থ বৎসরে সিস্টেম লস (মে/১৭ পর্যন্ত) ১২.৯১% এবং বকেয়া মাস ২.০৩ মাস অর্জন হয়েছে।

ইতোমধ্যে ভূরূপমারী উপজেলার দুধকুমুর নদীর পূর্ব প্রান্তের বঙ্গ সোনারহাট স্থল বন্দরসহ ০৮টি ইউনিয়নের প্রায় ২০ হাজার বিদ্যুৎ বিহীন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদানের লক্ষ্যে ০.৮কিঃমিঃ সাব-মেইন ক্যাবল স্থাপন পূর্বক উক্ত ভারত বেষ্টিত সুবিধা বঞ্চিত প্রায় চার হাজার নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট এলাকা/গ্রাহককে বিদ্যুৎ সংযোগ সুবিধার আওতায় আনার জন্য বাপবিবো কর্তৃক “শতভাগ বিদ্যুতায়ন প্রকল্পের” আওতায় দুধকুমুর নদীতে একসেট ৩৩কেভি রিভার ট্রান্সিং টাওয়ার (দুটি মেইন টাওয়ার ও দুটি এ্যাংকর টাওয়ার) সহ একটি ৩৩/১১কেভি (১০এমভিএ) উপকেন্দ্র নির্মাণের জন্য প্রকল্পভুক্ত করা হয়েছে।

• সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিকলোড ৪৫মেঃওঃ। চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ প্রায় ৫০% পাওয়া যাচ্ছে। চলমান গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া লালমনিরহাট গ্রীড হতে ০৩টি ৩৩কেভি ফিডারের মাধ্যমে ০৯টি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ পেয়ে থাকে। তিনটি ৩৩ কেভি লাইনের পরিমাণ ১৭২কিঃমিঃ এবং বিতরণ লাইনের পরিমাণ ৫০৬০ কিঃমিঃ। কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলার গাছ-গাছালিসমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। ২০১৬-২০১৭ অর্থ বৎসরের সিস্টেম লস ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৩.৫০% ও ১.৬ এর বিপরীতে মে/২০১৭খ্রিঃ মাসে সমিতি কর্তৃক অর্জন যথাক্রমে ১২.৯১% ও ২.০৩, যা কাঙ্ক্ষিত পর্যায়ে অর্জন করা সমিতির জন্য বড় চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিভিবি, পিজিসিবিবি বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি সমস্যা।

পবিসের ভবিষ্যৎ চাহিদা বিবেচনায় পরিকল্পনা সমূহ :

(ক) আগামী অর্থ বৎসরে (২০১৭-২০১৮) ডিসেম্বর/১৭ এর মধ্যে কুড়িগ্রাম সদর ও আদিতমারী উপজেলা এবং জুন/১৮ এর মধ্যে ফুলবাড়ী, ভূরূপমারী, লালমনিরহাট ও রাজারহাট উপজেলা সমূহ শতভাগ বিদ্যুতায়নের পরিকল্পনা আছে।

(খ) কুড়ি-লাল পবিসের ভবিষ্যৎ চাহিদা পূরণের লক্ষ্যে কুড়িগ্রাম জেলায় ২×৫০/৭৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন নতুন গ্রীডস্থাপনের কাজ চলমান রয়েছে। ৩৩কেভি বাসবার, 'বে'-বেকার স্থাপন, কন্ট্রোলরুম স্থাপন এবং সুইচিং স্টেশন এর নির্মাণ কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান এনার্জি প্যাক লিমিটেড বাংলাদেশ কর্তৃক প্যাকেজ আকারে চলমান রয়েছে। ইতিমধ্যে গ্রীড উপকেন্দ্রের মাটি ভরাট কাজ শেষ হয়েছে। পূর্ত কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। উক্ত গ্রীড উপকেন্দ্র হতে অত্র পবিসের চলমান, নির্মাণাধীন ও প্রস্থাবিত মোট ০৮টি (প্রতিটি ১০এমভিএ) ৩৩/১১কেভি উপকেন্দ্রের জন্য প্রায় ৩০ কিঃমিঃ ৩৩ কেভি I.L.O (Line-in-Line-Out) লাইন নির্মাণের পরিকল্পনা রয়েছে। আগামী ডিসেম্বর/১৮ সালের মধ্যে নবনির্মিত কুড়িগ্রাম গ্রীড উপকেন্দ্র হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

- (গ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অধিধিকার ভিত্তিতে "বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)" কর্তৃক দেশের বিভিন্ন অঞ্চলে ১০০টি অর্থনৈতিক অঞ্চল গঠন করা হচ্ছে। তন্মধ্যে কুড়িগ্রাম জেলায় ০১টি অর্থনৈতিক অঞ্চলের জন্য নাগেশ্বরী উপজেলায় লোডের চাহিদা বিবেচনায় আরো ০১টি নতুন ১৩২/৩৩কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ করা প্রয়োজন হবে। গ্রীডের সম্ভাব্য ক্ষমতা- ২×৫০/৭৫এমভিএ, ৩৩/১১কেভি উপকেন্দ্র -০৫টি (প্রতিটি ২০ এমভিএ)।
- (ঘ) **নতুন উপকেন্দ্র নির্মাণ :**
- "শতভাগ বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল)" শীর্ষক প্রকল্পের আওতায় অত্র পবিসের অনুকূলে ০২টি (ভূকঙ্গামারী-২ (১০এমভিএ) ও কালীগঞ্জ (১০এমভিএ) উপকেন্দ্র নির্মাণ কাজের পরিকল্পনা আছে। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় ইউআরইডিএস (ফেজ-২) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম-৩ (১০এমভিএ) ও নাগেশ্বরী-২ (১০এমভিএ) উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা রয়েছে।
- (ঙ) **উপকেন্দ্রের ক্ষমতা বর্ধন :**
- "শতভাগ বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল)" শীর্ষক প্রকল্পের আওতায় অত্র পবিসের অনুকূলে লালমনিরহাট, ফুলবাড়ী ও চিলমারী উপকেন্দ্র তিনটি ০৫ থেকে ১০ এমভিএ তে অগস্টেশন কাজের পরিকল্পনা আছে।
- (চ) **৩৩ কেভি নতুন লাইন নির্মাণ :**
- উত্তর ব্যাপারির হাট হতে নাগেশ্বরী-২ (প্রস্তাবিত) উপকেন্দ্র পর্যন্ত ১০ কিঃমিঃ নতুন লাইন নির্মাণ, আক্কারীবাড় হতে ভূকঙ্গামারী-২ (প্রস্তাবিত) উপকেন্দ্র পর্যন্ত ১৮ কিঃমিঃ নতুন লাইন নির্মাণ এবং লালমনিরহাট গ্রীড উপকেন্দ্র হতে সোনাহাট বাজার সংলগ্ন কালীগঞ্জ উপকেন্দ্র পর্যন্ত ২০ কিঃমিঃ নতুন লাইন নির্মাণের পরিকল্পনা আছে।
- (ছ) **১১কেভি লাইন আপগ্রেডেশন/কন্সট্রিক্টর পরিবর্তন।**
- ০৯টি উপকেন্দ্রের মোট ৫০৬০ কিঃমিঃ বিতরণ লাইনের মধ্যে প্রায় ১৯০০কিঃমিঃ ৩ এসিএসআর তার নূন্যমত ৪/০ বা ১/০ তার দ্বারা পরিবর্তন/প্রতিস্থাপন করার পরিকল্পনা আছে।
- (জ) **১১ কেভি ফিডার বাইফারকেশনঃ**
- চিলমারী উপকেন্দ্রের ২নং ফিডার এর লোড বেশী হওয়ায় সামস পাড়া, চিলমারী পর্যন্ত প্রায় ০৫ কিঃমিঃ নতুন লাইন নির্মাণ। উলিপুর উপকেন্দ্রের ২নং ফিডার এর লোড বেশী হওয়ায় ০১ কিঃ মিঃ নতুন এবং ৪ কিঃ মিঃ কনভারশন করা হবে। লালমনিরহাট উপকেন্দ্র হতে জোড়াবান্দা বাজার পর্যন্ত ০২ কিঃমিঃ লাইন নির্মাণ। লালমনিরহাট উপকেন্দ্রের ০১ নং ফিডারের লোড কমানোর জন্য আকিজ জুট মিল হতে মোস্তফি পর্যন্ত ০৫ কিঃমিঃ নতুন লাইন নির্মাণ। লালমনিরহাট উপকেন্দ্রের ০৬ নং ফিডারের লোড ও দৈর্ঘ্য কমানোর জন্য উপকেন্দ্র হতে পূর্ব আমবাড়ী পর্যন্ত ০৩ কিঃমিঃ নতুন লাইন নির্মাণের পরিকল্পনা রয়েছে।
- (ঝ) **River Crossing By Tower :**
- "শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল)" শীর্ষক প্রকল্পের আওতায় অত্র পবিসের অনুকূলে ০৩ সেট (ধরলা-১, কুলাঘাট ব্রিজ সংলগ্ন, ধরলা-২ কুড়িগ্রাম সদর, দুধ কুমার, ভূকঙ্গামারী) রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ কাজের পরিকল্পনা আছে।
- (ঞ) **ঝুঁকিপূর্ণ ১১কেভি লাইন স্থানান্তরঃ**
- বিদ্যমান বিতরণ লাইনের মধ্যে লাইন স্থাপিত ও পরিবর্তন যোগ্য ৩ এসিএসআর তারের পরিমাণ প্রায় ১৮৬ কিঃ মিঃ যা নূন্যমত ৪/০ বা ১/০ তার দ্বারা পরিবর্তন/প্রতিস্থাপন করার পরিকল্পনা আছে।
- (ট) **এলটি লাইনকে এইচটি লাইনে পরিবর্তনঃ**
- বিদ্যমান বিতরণ লাইনের মধ্যে ৬৪ কিঃমিঃ এলটি লাইনকে এইচটি লাইনে পরিবর্তন করার পরিকল্পনা আছে।

*Jhnm*

*Jhnm*

*Jhnm*  
মুহাম্মদ মাসুউর রহমান  
পরিচালক (সি.সি.)  
সি.সি. পল্লী বিদ্যুৎ

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিস সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে-


সভাপতি  
কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি


এবং

সচিব  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন :



  
কুড়িগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতির  
সভাপতি (স্বাক্ষর)  
সভাপতি (স্বাক্ষর) পল্লী বিদ্যুৎ

## সেকশন-১ :

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন সকল জনগণকে গুণগত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): ডিসেম্বর/২০১৮সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (ঘরে ঘরে) নির্ভরযোগ্য বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ০১। বিদ্যুৎ বিতরণ খাতের কাঠামোগত উন্নয়ন।
- ০২। গুণগত মানসম্পন্ন এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা।
- ০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধি।
- ০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

- ০১। কর্মপদ্ধতি ও সেবার গুণগত মান উন্নয়ন।
- ০২। নিপুনতার সহিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন করা।
- ০৩। কর্মীদের দক্ষতা, নৈতিকতা ও সততার উন্নয়ন।
- ০৪। সুষ্ঠু ও সুশৃংখল কর্ম পরিবেশ নিশ্চিত করণ।
- ০৫। তথ্য অধিকার এবং স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নিশ্চিত করা।
- ০৬। কর্মীদের দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।
- ০৭। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলী (Functions):

- ০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠিকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
- ০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাস করণ।
- ০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
- ০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
- ০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
- ০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
- ০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
- ০৮। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবহারের পথস্বত্ব মুক্তকরণ।
- ০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
- ১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
- ১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠু কর্ম পরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা করা।
- ১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
- ১৩। ডিজিটাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ  
কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস


কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত	অসাধারণ	অতিউত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
			1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale)	%	২৮	১৩.৪৮%	১৩.৯০%	১২.২৫%						
			2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale)	Month	১৪	২.০৯	২.৪৬	১.৪০						
			3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale)	%	১	৯৪.৮৯%	৮৮.৭৮%	৯৯.০০%						
			4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale)	%	১	৮২.১০%	৭৬.৪৪%	৮৬.৮৭%						
			5. Recovery of amounts written=off	%	১	০.০০%	০.০০%	৫.০০%						
			6. Payment of debt service liability (TK' 000)	Tk	৭	৭০,০০০	২৫,০০০	১০০,০০০						
			7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale)	Tk	২	১.৪৭	১.২৯	১.৬০						
			8. Rev. / KM of Line w/o resale (TK)' 000	Tk	১	২০৮	১১৩	২৩০						
			9. Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM)	%	১	৪১.০৯%	৩৬.০৫%	২৫.০০%						
			10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.)	%	১	৫.৭৬%	২.৭৪%	৪.০০%						
			11. Percentage of Damaged Transformer repaired	%	১	৭২%	৫৬%	১০০%						
			12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation)	%	২	২১.৫৭%	২৮.৯৯%	৩.০০%						
			13. Store Management Performance:											
			a. Physical Inventory of all Stores under PBS (2016-17)	%	১	১০০%	১০০%	১০০%						


আলী হোসেন  
পকৌ. মো: আলী হোসেন  
মানেনজার (সে.দা.)  
পবিস


আলী হোসেন  
পবিস

আলী হোসেন  
পবিস

		b. Timely Closeout of Mini & Force Work Order	%	১	৮২%	৪০%	৮০%						
		14. Maintenance and Up-gradation of equipment record card (ERC)	%	২	৭০%	৭%	১০০%						
		15. Improvement of Power Factor		১	০.৯৫	০.৯৫	০.৯২						
		16. Action on Meter Report	%	১	১০০%	১১৬	১০০%						
		17. Average Training hour per Employee (Hours)	Hour	২	৯৯	১৯	৭৫						
		18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet)	%	১	১৪৬%	১৫২%	১০০%						
		19. Timeliness to attend Consumer's complain	%	১	১০০%	১০০%	১০০%						
		20. System Average Interruption Duration Index (SAIDI)	Minute	২	১৪৭	৪৭	১৫০০						
		21. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	২	১.৯৭	০	৭৮						
		22. % of overloaded Transformer	%	২	১০০%	৫%	২.০০%						
		23. % of New Connected Consumers	%	৩	৭৫%	৫৬%	১০০%						
		24. Accounts Payable	Month	১		১.০০	১.০০						

  
 প্রকৌ. মো: আলী হোসেন  
 জেনারেল ম্যানেজার (চঃদাঃ)  
 অভিযান-লালমনিপুরহাট পবিস

  
 প্রকৌ. মো: আলী হোসেন  
 জেনারেল ম্যানেজার (চঃদাঃ)  
 অভিযান-লালমনিপুরহাট পবিস

  
 প্রকৌ. মো: আলী হোসেন  
 জেনারেল ম্যানেজার (চঃদাঃ)  
 অভিযান-লালমনিপুরহাট পবিস



মাঠ পর্যায়ের কার্যালয়ের আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ  
(নোট নম্বর-২০)


ক্রম-১	ক্রম-২	ক্রম-৩	ক্রম-৪	ক্রম-৫	ক্রম-৬	ক্রম-৬				
						লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চমৎতা মাত্র (Fair)	চলতিমানের নিম্ন (Poor)
১০০%	৯০%	৮০%	৭০%	৬০%						
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৪	২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৭ এপ্রিল	১৯ এপ্রিল	২০ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্থবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্থবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৫ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৭ জানুয়ারি	১৮ জানুয়ারি	১৯ জানুয়ারি
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১০ জুলাই	১৬ জুলাই	১৮ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই
কার্যশক্তি, কর্মসম্পাদন ও সেবার মানোন্নয়ন	৯	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা	অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		দস্তরসংখ্যার কমপক্ষে ১ টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	১১ মার্চ	-
		উপাধীন উদ্যোগ ও পুত্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন	উপাধীন উদ্যোগ বাস্তবায়িত	তারিখ	১	৪ জানুয়ারি	১১ জানুয়ারি	১৮ জানুয়ারি	২৫ জানুয়ারি	৩১ জানুয়ারি
			এসআইপি বাস্তবায়িত	%	১	২৫	-	-	-	-
		পিজারএল শুরুর ২ বাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিজারএল ও ছুটি মন্যায়ন মুগ্ধ জারি নিশ্চিতকরণ	সংশ্লিষ্ট কর্মচারীর পিজারএল ও ছুটি মন্যায়ন পত্র মুগ্ধ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
		সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিশ্চিতকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-


স্বাক্ষর  
২০/১/১৭  
শ্রীমতী মো: আলী হোসেন  
জনারেল ম্যানেজার (চ:দা:)  
বিজ্ঞান-বাল্মিনিরহাট পবিস

স্বাক্ষর  
২০/১/১৭  
সিনিয়র সহকারী সচিব


স্বাক্ষর  
সুযোগ্য অতিরিক্ত সচিব  
কর্তৃপক্ষ (চ:দা:)  
পবিস

ক্রম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	ক্রম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	ক্রম-৩ কার্যক্রম (Activities)	ক্রম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	ক্রম-৫ একক (Unit)	ক্রম-৬ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	ক্রম-৬ লক্ষ্যমাত্রার মান - ২০১৭-১৮ (Target Value - 2017-18)				
						অপারারগ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিচে (Poor)
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৪	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনসংখ্যা	২	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শূদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কার্যসমূহে প্রগতি ও দাবিপূরণ	তারিখ	১	১৬ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
তথ্য অধিকার বাস্তবায়ন কোর্সের পরিচালনা	১	তথ্য বাস্তবায়ন হালনাগাদকরণ	তথ্য বাস্তবায়ন হালনাগাদকৃত	%	.৫	৮০	৭০	৬০	-	-
		সম্প্রসারিত তথ্য প্রকাশিত	সম্প্রসারিত তথ্য প্রকাশিত	%	.৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
ত্রৈমাসিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রমের উন্নয়ন	অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	.২	৫০	৪৫	৪০	৩৫	৩০

  
 ক্রম. নং: আলী হোসেন  
 জনারেল ম্যানেজার (ই:সি:সি)  
 জিডিআইম-লালমনিরহাট পবিস

  
 ২০/৭/১৮

৬০ ওটা প্রশিক্ষণের মধ্যে অন্তত ২০জন সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অর্জন করে থাকবে।


  
 মুবিন হোসেন জিডিআইম  
 পরিচালক (ই:সি:সি)  
 পবিস-লালমনিরহাট


আমি সভাপতি, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-  
এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।


আমি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সভাপতি, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর নিকট  
অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরী


তারিখ : ১৫/০৬/২০১৭ খ্রিঃ


  
.....  
জেনারেল ম্যানেজার: আলী হোসেন  
কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি (সি:সি:সি)  
কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস

  
.....  
সভাপতি  
কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস

  
.....  
পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন (উঃঅঃ)  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
পরিচালক (উঃঅঃ)  
পবিস ১৩৫ পঃ ১/১৩৫ পঃ ১/১৩৫

  
.....  
সচিব  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

  
.....  
৩